

বাংলা একাডেমি

৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা ১০০০



ফোন : ৫৮৬১১২১৫, ফ্যাক্স : ৯৬৬১০৮০

ইমেইল : dgbanglaacademy@gmail.com

ওয়েবসাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৫.০৫.২০২১

বাংলা একাডেমির মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজীর প্রয়াণে শোকবাণী

বাংলা একাডেমির মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজী গত ২৪শে মে ২০২১ সোমবার রাত ১১:০০টায় বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল, শ্যামলী, ঢাকায় ইন্তেকাল করেন। তাঁর প্রয়াণে বাংলা একাডেমি পরিবার শোকস্তব্ধ।

হাবীবুল্লাহ সিরাজী বাংলা কবিতায় এক বিশিষ্ট নাম। তাঁর কবিতায় বাংলাদেশের প্রকৃতি এবং সংগ্রামী ঐতিহ্য অসাধারণ ব্যঞ্জনায় ভাস্বর হয়েছে। মননশীল গদ্যরচনাতেও তিনি ছিলেন সিদ্ধহস্ত। পাশাপাশি শিশুসাহিত্য এবং দেশ-বিদেশের কবিতার অনুবাদেও তিনি সাফল্যের স্বাক্ষর রেখেছেন।

বাংলা একাডেমি মহাপরিচালকের দায়িত্ব পালনকালে তিনি সততা, নিষ্ঠা এবং কর্মদক্ষতার উদাহরণ রেখে গেছেন। বাংলা একাডেমি পরিবার চিরকাল তাঁকে শ্রদ্ধা ও ভালোবাসায় স্মরণ করবে।

আমরা কবি হাবীবুল্লাহ সিরাজীর আত্মার শান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছি।

(এ.এইচ.এম. লোকমান)

সচিব ও ভারপ্রাপ্ত মহাপরিচালক

বাংলা একাডেমি, ঢাকা